পরকীয়ায় ঘর ভাঙ্গছে এক সন্তানের জননীর, দায়িত্ব নিতে নারাজ ইমরান

ঝিনাইদহের লম্পট ইমরান বিয়ের প্রলোভন দেখিয়ে পরকীয়ায় আবদ্ধ করে এক নারীকে। দুজনের মাঝে দীর্ঘদিন চলে আসছে এই সম্পর্ক। ইতোমধ্যে এক সন্তানের জননী হয়ে গেছে ঐ রমনী।

ঘটনাটি জানাজানি হলে ঐ মহিলার ঘর থেকে এলাকাবাসী দুজনকে আটকে রেখে পুলিশে দিলেও অজানা কারণে ছেলে পক্ষের তদবিরে তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ সদর উপজেলার রাধানগর গ্রামে।

এলাকাবাসীর সূত্রে জানা যায়, হরিণাকুণ্ডু উপজেলার রায়পাড়া ভাতুড়িয়া গ্রামের মৃত আলম মন্ডলের ছেলে ইমরান (২৮) নামের এক যুবক পাশাপাশি গ্রামের ঝিনাইদহ সদরের রাধানগর গ্রামের অতি দরিদ্র পরিবারের মর্জেম মন্ডলের মেয়ে আনজিরার (২২) সাথে বিয়ের প্রলোভন দেখিয়ে পরকীয়ার সম্পর্ক গড়ে তোলে।

আনজিরার ঘরে এখন ৪ মাসের একটি পূত্র সন্তান রয়েছে, তার পরেও ঐ লম্পট ইমরান আনজিরার পিছু ছাড়েনি।

অবশেষে গত ২৮ জানুয়ারী ইমরান আনজিরার ঘরে এলে এলাকার লোকজন টের পেয়ে দুজনকে ধরে মারধর করে স্থানীয় পুলিশ ফাঁড়িতে খবর দেয়। পরে স্থানীয় মাতবরদের সমঝোতায় তাদেরকে ছেড়ে দেওয়া হয়।

এব্যাপারে ভুক্তভোগি আনজিরা বলেন, আমাকে বিয়ের প্রলোভন দেখিয়ে দীর্ঘদিন শারীরিক সম্পর্ক করেছে। আমার স্বামীকে তালাক দেওয়ার জন্য চাপ দিয়ে আসছে কিন্ত এখন ইমরান আর আমাকে বিয়ে করতে চায় না। আমার স্বামীও সন্তানের পরিচয় দিতে চাচ্ছে না। আমি একজন অসহায় নারী হিসেবে এই প্রতারক ইমরানের ঠিক বিচার চাই।

ডাকবাংলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ বিল্লাল হোসেন বলেন, আমরা তাদের চালান দিয়ে ছিলাম পরে কিভাবে জামিন নিয়েছে জানি না।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ শুরু

ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ। সোমবার সকালে সোতোকান কারাতে দো নামের একটি প্রতিষ্ঠানের আয়োজনে শহরের পৌরসভা চত্বরের টেনিস গ্রাউন্ডে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান।

এসময় স্কুলটির পরিচালক কাজী আলী আহম্মেদ লিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২৯ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, জাতীয় কারাতে রেফারি মতিউর রহমানসহ স্থানীয় প্রশিক্ষকবৃন্দ।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা আয়োজকরদের।

ঝিনাইদহে যবুলীগ নেতা হত্যা মামলায় ইউপি চেয়ারম্যান কারাগারে

ঝিনাইদহে যবুলীগ নেতা হত্যা মামলার অন্যতম আসামী গান্না ইউনিয়নের চেয়ারম্যান নাসির উদ্দীন মালিথাকে কারাগারে পাঠিয়েছে আদালত। গত রবিবার ৩১ জানুয়ারী ঝিনাইদহ জেলা ও দায়রা জজ (অতিরিক্ত-১) আদালতে নাসির মালিথা আত্মসমার্পন করে জামিন চাইলে বিচারক না মুঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর নিদের্শ দেন।

আদালতের হিসাবে এ মামলায় ৯ বছর পলাতক থেকেও ৫ বছর ইউপি চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন আসছে বলে জানা যায়। এমনকি আদালতের ওয়ারেন্ট তিনি কৌশলে গোপন করেন। সম্প্রতি ঘটনা জানাজানি হয়ে গেলে তিনি গা ঢাকা দেন।

সংশ্লিষ্ট সুত্র জানায়, ২০১০ সালে ৭ জুলাই ঝিনাইদহ সদর উপজেলার কাশিমনগর ব্রিজের ওপর বোমা হামলায় আহত হয়েছিলেন গান্নার তৎকালীন ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহ্বায়ক জাকির হোসেন মন্ডল শান্তি। এর তিন দিন পর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। শান্তির শ্বশুর সিরাজুল ইসলাম মালিথা বাদি হয়ে সদর থানায় অজ্ঞাতনামা আসামী করে হত্যা ও বিস্ফোরক ধারায় পৃথক দু’টি মামলা দায়ের করেন। পুলিশ ওই মামলায় ৮ জনকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করেন।

এর মধ্যে ৪ জন ম্যাজিস্ট্রেটের সামনে ১৬৪ ধারায় জবানবন্দি দেয়। তাতে চেয়ারম্যান নাসির মালিতাকে হুকুম ও অর্থদাতা হিসাবে জবানবন্দি দেয় গ্রেফতারকৃত আসামিরা। জবানবন্দি দেওয়া দুই আসামি পুলিশের সাথে বন্দুকযুদ্ধে ও সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছেন এবং একজন পলাতক রয়েছেন। ২০১১ সালের ২৪ অক্টোবর পুলিশ আদালতে চার্জশীট জমা দেয়।

চার্জশীট অনুযায়ী নাসির উদ্দিন মালিথাকে হত্যা মামলায় ৯ নং আসামি হিসাবে অন্তর্ভুক্ত করা হয়।

মেহেরপুরে হয়রানি মূলক মামলা থেকে অব্যাহতি পেতে সংবাদ সম্মেলন

মেহেরপুরে সু-বিচার ও বারংবার মিথ্যা হয়রানি মূলক মামলা হতে অব্যাহতির জন্য জন্য সংবাদ মম্মেলন করেছে আব্দুল হান্নান নামের একজন।

আব্দুল হান্নান মেহেরপুর জেলার গাংনী উপজেলার করমদি গ্রামের মৃত

চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড

চুয়াডাঙ্গায় শুরু হয়েছে তীব্র শৈত্যপ্রবাহ। সোমবার জেলায় এ মৌসুমের সর্বনিম্ন তামপাত্রা রেকর্ড করা হয়েছে ৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

শৈতপ্রবাহের প্রভাবে প্রচণ্ড শীতে এখানকার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। হাড় কাঁপানো শীতে জবুথবু হয়ে পড়েছেন খেটে খাওয়া ও ছিন্নমূল মানুষ। প্রচন্ড ঠাণ্ডায় সময়মত কাজে যেতে পারছেন না তারা। ঘন কুয়াশা ও হিমেল হাওয়া অনুভূত হচ্ছে।

চুয়াডাঙ্গা আবহাওয়অ অফিস সূত্র জানায়, কয়েকদিন ধরেই জেলায় তীব্র শীত অনুভূত হচ্ছে। এতে নিম্ন আয়ের মানুষদের দুর্ভোগ বেড়েছে। এ দিকে শীতজনিত রোগে হাসপাতালগুলোতে বাড়ছে রোগীর সংখ্যা। এরমধ্যে বেশির ভাগই শিশু ও বয়স্ক।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাদুল হক জানান, সোমবার সকাল ৯টায় জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। এটাই জেলায় এ মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা।

গতকাল রবিবার জেলা সবনিম্ন তাপমাত্রা ছিলো ৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

সেনাবাহিনীর হাতে সু চিসহ মিয়ানমারের প্রেসিডেন্ট আটক

মিয়ানমার ক্ষমতাসীন দলের প্রধান অং সান সু চিকে আটক করেছে সেনাবাহিনী। এছাড়াও দেশের প্রেসিডেন্ট উইন মিন্টসহ কয়েকজন নেতাকে আটক করা হয়েছে। সোমবার সকালে (০১ ফেব্রুয়ারি) তাদের আটক করা হয় বলে ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসির (এনএলডি) এক মুখপাত্র নিশ্চিত

করেছেন।

বিবিসি জানিয়েছে, এই ঘটনা এমন সময় ঘটছে যখন মিয়ানমারে একটি সামরিক অভ্যুত্থানের সম্ভাবনা নিয়ে আশঙ্কা দেখা দিয়েছে।

গত বছর নভেম্বরের নির্বাচনে অং সান সুচির এনএলডি সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। কিন্তু সেনাবাহিনী নির্বাচনে জালিয়াতির অভিযোগ তোলে। সোমবার নবনির্বাচিত সংসদের প্রথম বৈঠক হবার কথা, কিন্তু সেনাবাহিনী অধিবেশন স্থগিত করার জন্য সরকারের প্রতি আহ্বান জানায়।

এনএলডির মুখপাত্র মিও নিয়ুন্ট ফোনে রয়টার্সকে বলেন, ‘সু চি ও প্রেসিডেন্ট উইন মিন্টসহ অন্য নেতাদের খুব সকালে ‘‘তুলে নিয়ে’’ যাওয়া হয়।’

তিনি বলেন, আমি দলের নেতাকর্মীদের বলবো আপনারা খুব তাড়াতাড়ি এর প্রতিক্রিয়া দেখাবেন না। আমি চাই আপনারা আইন মেনে চলুন।’ নিজে আটকের বিষয়েও আশঙ্কা প্রকাশ করেন এই নেতা। এরপর আর তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

তবে এ বিষয়ে সেনাবাহিনীর বক্তব্য জানার চেষ্টা করা হলে তাদের কোনো মুখপাত্র ফোন ধরেননি। এদিকে, সকালে মিয়ানমারের রাজধানী নাইপিদোতে কোনো ফোন সংযোগ পাওয়া যায়নি।

একজন প্রত্যক্ষদর্শী বলেন, ‘দেশের প্রধান শহর ইয়াংগুনের সিটি হলের সামনে সেনা মোতায়েন করা হয়েছে।’

এনএলডির এক আইনজীবী নাম প্রকাশ না করার শর্তে বলেন, ‘সু চি ও প্রেসিডেন্টের সঙ্গে যাদের আটক করা হয়েছে তাদের মধ্যে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য হান থার মিন্ট রয়েছেন।’

ফুসফুসকে সুস্থ রাখতে যা খাবেন

ফুসফুস মানব শরীরে সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গগুলোর মধ্যে অন্যতম। করোনায় অনেকেরই ফুসফুস অকেজো হয়ে প্রাণহানিও ঘটছে। তাই ফুসফুস

নিয়ে সচেতেন হওয়া উচিত সবার।

ফুসফুস সুস্থ রাখার ক্ষেত্রে সবচেয়ে বড় ভূমিকা পালন করে খাদ্য। বয়স বাড়ার কারণে, অত্যধিক পরিবেশ দূষণ এবং বিভিন্ন অসুখ-বিসুখের ফলে যাদের ফুসফুসের কার্যক্ষমতা কমে গেছে, তাদের খাবারের প্রতি বিশেষ যত্ন নেওয়া প্রয়োজন।

আসুন, জেনে নেওয়া যাক রোগের বিরুদ্ধে লড়াই করতে ফুসফুসকে সুস্থ রাখার জন্য কী ধরনের খাবার খাওয়া উচিত:-
পানি

ফুসফুসের স্বাস্থ্য ও রোগ প্রতিরোধ ক্ষমতা ঠিক রাখতে প্রতিদিন দুই থেকে তিন লিটার বা তার বেশি পানি পান করুন। এতে ফুসফুসের রক্ত সঞ্চালন ঠিক থাকে এবং শ্লেষ্মা পাতলা থাকে। ফলে দূষিত পদার্থ ও জীবাণু হাঁচি-কাশির মাধ্যমে বের করে দিতে সুবিধা হয়।

গ্রিন টি

গ্রিন টি আমাদের শরীরের জন্য খুবই উপকারী একটি পানীয়। এতে রয়েছে উচ্চমাত্রার অ্যান্টিঅক্সিডেন্ট, যা ফুসফুসের প্রদাহ কমায় ও কার্যকারিতা বৃদ্ধি করে। ২০১৭ সালের এক গবেষণার প্রতিবেদন অনুযায়ী, কোরিয়ার এক হাজার প্রাপ্তবয়স্ক মানুষ প্রতিদিন দুই কাপ করে গ্রিন টি পান করতেন। অন্যদের তুলনায় সেই ১০০০ জনের ফুসফুসের কার্যকারিতা অনেক ভালো ছিল। তাই রোজ দুই কাপ করে গ্রিন টি পান করুন।

মাছ

গবেষণায় দেখা গেছে, ফ্যাটি এসিডযুক্ত সামুদ্রিক মাছ ফুসফুসের কার্যক্ষমতাকে অনেকটাই বাড়িয়ে তোলে। ম্যাকারেল, ট্রাউট, হেরিংয়ের মতো মাছ সিওপিডি রোগের চিকিৎসায় সহায়তা করতে পারে। ইউনিভার্সিটি অব রচেস্টার স্কুল অব মেডিসিন অ্যান্ড ডেন্টিস্ট্রির গবেষকদের মতে, মাছে থাকা ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড ফুসফুসের সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে। তাই সপ্তাহে অন্তত দুই থেকে তিন দিন পাতে মাছ রাখুন।

কাঁচা হলুদ

হাজারেরও বেশি বছর ধরে এশিয়ায় হলুদের ব্যবহার শুধু মশলা হিসেবেই নয়, ঔষধি হিসেবেও ব্যবহৃত হয়ে আসছে। হলুদে থাকা

অ্যান্টিঅক্সিডেন্ট, কারকিউমিন ফুসফুসকে দূষিত পদার্থের প্রভাব থেকে রক্ষা করে এবং প্রদাহ কমায়। রোজ সকালে কাঁচা হলুদ চিবিয়ে খেতে পারেন। শুধু হলুদ না খেতে চাইলে মধু ও হলুদ একসঙ্গেও খেতে পারেন।

রসুন ও আদা

করোনাভাইরাস প্রতিরোধে ও শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে খেতে পারেন আদা ও রসুন। এগুলোতে থাকা অ্যান্টি-ইনফ্ল্যামেটরি বৈশিষ্ট্য ফুসফুসকে ভালো রাখতে এবং ফুসফুস থেকে দূষিত পদার্থ বের করতে সহায়তা করে। এ ছাড়া ফুসফুসের রক্ত সঞ্চালন উন্নত করে এবং ক্যানসার হওয়ার ঝুঁকি কমায়।

ব্রকলি

ব্রকলিতে থাকা সালফোরাফেন, অক্সিডেটিভ স্ট্রেসের ক্ষতি থেকে শরীরকে রক্ষা করে এবং ফুসফুসের কার্যকারিতা বৃদ্ধি করে। তাই রোজকার খাবারের পাতে অবশ্যই রাখুন ব্রকলি।

তুলসী পাতা

তুলসী পাতার অ্যান্টিঅক্সিডেন্ট বৈশিষ্ট্য ফুসফুসের সুরক্ষার ক্ষেত্রে খুবই কার্যকর ভূমিকা পালন করে। বাতাসে ভেসে থাকা দূষিত পদার্থ নিঃসরণ করতে তুলসী পাতা সহায়তা করে। তাই রোজ সকালে তুলসী পাতা চিবিয়ে বা এক টেবিল চামচ রস বের করে খেতে পারেন।

ফল ও শাকসবজি

বেদানা, আপেল, আঙুর, কমলালেবু, পেয়ারা, গাজর, বিনস, শসা, কুমড়ো ইত্যাদি ফল ও শাকসবজি ফুসফুসের স্বাস্থ্যকে ঠিক রাখতে কার্যকর ভূমিকা পালন করে। এগুলোতে থাকা ভিটামিন-সি, ভিটামিন-এ, ফ্ল্যাভোনয়েড ও অ্যান্টিঅক্সিডেন্ট ফুসফুসের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে এবং ফুসফুসের কার্যক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করে। তাই প্রতিদিন শাকসবজি খান এবং খাবারের পরে ফল খান।

এছাড়া অলিভ অয়েল, বাদাম ও বীজজাতীয় খাবার, পেঁয়াজ, দুধ ও ডিম ইত্যাদি খাবার ফুসফুসের যত্ন নিতে কার্যকর ভূমিকা পালন করে।

সূত্র: বোল্ডস্কাই

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গত বছরের ৩০ আগস্ট বাড্ডা থানায় ডা. সাবরিনার বিরুদ্ধে মামলাটি করেন গুলশান থানা নির্বাচন অফিসার মোহাম্মদ মমিন মিয়া। ২০১০ সালের জাতীয় পরিচয় নিবন্ধন আইনের ১৪ ও ১৫ ধারায় মামলাটি করা হয়।

ইসি সূত্র জানায়, ডা. সাবরিনার দুই এনআইডিতে স্বামীর নাম দুরকম উল্লেখ আছে। একটি এনআইডির চেয়ে অন্যটিতে বয়স কম দেখানো হয়েছে। বর্তমান তার দুটি এনআইডি-ই ব্লক করে দেয়া হয়েছে। বিষয়টি নজরে আসার পর বিস্তারিত জানতে ইসির কাছে তথ্য চেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

অন্যদিকে, করোনার ভুয়া রিপোর্ট দেয়ার অভিযোগে প্রতারণার মামলায় জেকেজি হেলথকেয়ারের চেয়ারম্যান ডা. সাবরিনা চৌধুরী ও সিইও আরিফুল হক চৌধুরীসহ আটজনের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ চলছে ঢাকা মহানগর হাকিম আদালতে। করোনাভাইরাসের নমুনা পরীক্ষা না করেই ভুয়া রিপোর্ট দেয়ার অভিযোগ এনে গত ২৩ জুন তেজগাঁও থানায় মামলাটি করেন কামাল হোসেন নামে এক ব্যক্তি।

আলমডাঙ্গায় আওয়ামী লীগের নির্বাচনী অফিস’র উদ্বোধন

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন উপলক্ষে ৩ নং ওয়ার্ডে আওয়ামী লীগের উদ্যোগে নির্বাচনী অফিসের উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার রাত সাড়ে ৯ টার দিকে পৌর এলাকার ৩নং ওয়াডের কলেজ পড়ায় এ নির্বাচনী অফিস উদ্বোধন করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু।

এ সময় তিনি বলেন জননেন্ত্রী শেখ হাসিনা আমাকে নৌকা প্রতীক দিয়েছেন, আমার নেতা জননেতা বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি আমাকে মনোনয়ন পেতে সহায়তা করেছেন, উনার সহায়তায় আমি নৌকা প্রতীক পেয়েছি। আপনারা মনে রাখবেন, নৌকা জননেন্ত্রী শেখ হাসিনার প্রতীক, নৌকা বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুনের প্রতীক।

আপনারা আগামী ১৪ ফেব্রুয়ারীর পৌর নির্বাচনে নৌকাকে বিজয়ী করে আলমডাঙ্গা পৌর সভার উন্নয়নে সাহায়তা করেন। সম্প্রতি এমপি ছেলুন ৩৩টি রাস্তার নির্মাণ কাজের উদ্বোধন করেছেন, বৈশ্বিক মহামারির কারণে আমরা কিছুটা পিছিয়ে গেছি, তারপরও পানির লাইনের কাজ টেন্ডার হয়ে গেছে, ড্রেনের কাজ চলছে। আগামীতে একটা নতুন মেগা প্রকল্প আমরা পেয়েছি। সেটা হলে আলমডাঙ্গা মডেল পৌরসভা হিসেবে আখ্যা পাবে। মানুষ মাত্রই ভুল ত্রুটি হয়, আমরও হতে পারে, আমি আপনাদের কাছে মনের অজান্তে যদি কোন ভুল করি তবে নিজ গুণে ক্ষমা করে দেবেন।

গতকাল রাত সকড়ে ৯ টার দিকে কলেজ পাড়ায় নিরাবাচনী সভায় সভাপতিত্ব করেন ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের নেতা বাবু রবি কর্মকার। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের, সহ-সভাপতি হামিদুল ইসলাম, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম।

সাবেক ছাত্রলীগের নেতা মনিরুজ্জামানের উপস্থাপনায় বক্তব্য রাখেন, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, বিশ্বজিৎ শাধু খা, পলাশ আচার্য, হাসেম আলী, জয়দেব শাধুখা, বিষ্ণু অধিকারি, রনি, শুভ বিশ্বাস, সোহাগ, মিলন, সঞ্জিত, মদন সাহা, মনি ঠাতুর, দিলু, ফারুক প্রমুখ।

এর আগে সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে আলমডাঙ্গা ১ নং ওয়ার্ডের মাঠপাড়া ঢালের নৌকার অফিস, উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন সিরাজুল ইসলাম, অফিস উদ্বোধন করেন প্রধান অতিথি নৌকার প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু।

বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সহ-সভাপতি হকমিদুল ইসলাম, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, ১নং ওয়ার্ডের সভাপতি সোনা উল্লা, সম্পাদক কামাল হোসেন, মিঠু মিযা, শমসের আলী, সাইফুল ইসলাম, আনোয়র হোসেন, লাভলু মিয়া প্রমুখ। সভা শেষে নির্বাচনী অফিস উদ্বোধন েকেরন।